**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০৪/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার ২৭ নভেম্বর ২০১৭, ১৩ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। নিরাপত্তা নিশ্চিত করেই রোহিঙ্গা প্রত্যাবাসন : উখিয়ায় ক্যাম্প পরিদর্শনকালে রাষ্ট্রপতি

২। রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অর্জন শ্রেষ্ঠ কূটনৈতিক সাফল্য : দূত সম্মেলনে প্রধানমন্ত্রী

৩। রোহিঙ্গা ফেরাতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখবে যুক্তরাজ্য
প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাজ্যের মন্ত্রীর সাক্ষাৎ

৪। কর ও ভ্যাটে বড় ধরনের ছাড় দিয়ে প্রণীত হচ্ছে নতুন বাজেট
মন্ত্রণালয়ে সংশ্লিষ্টদের নিয়ে অর্থমন্ত্রীর বৈঠক

৫। প্রধানমন্ত্রী বিচক্ষণ সিদ্ধান্তে পরিস্থিতি সামলান
বিডিআর বিদ্রোহ বিষয়ে হাইকোর্টের পর্যবেক্ষণ

৬। নবম ওয়েজবোর্ড ঘোষণা শীঘ্রই : 'ডিআরইউ বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড' প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী

৭। দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় সবাইকে এগিয়ে আসতে হবে : শিক্ষামন্ত্রী

৮। ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতে চার প্রতিষ্ঠান হবে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী

৯। সরকারি কলেজে শিক্ষক ধর্মঘটে স্থবির শিক্ষা কার্যক্রম

১০। সামাজিক বনায়নের ৭৫ একর জমির চারাগাছ কেটেছে রোহিঙ্গারা

১১। শান্তিরক্ষী মিশনে প্রথমবার যাচ্ছেন দুই নারী পাইলট

১২। শহিদ ডা. মিলন দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

চলমান পাতা-২

**১।	নিরাপত্তা নিশ্চিত করেই রোহিঙ্গা প্রত্যাবাসন : উখিয়ায় ক্যাম্প পরিদর্শনকালে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ কক্সবাজারের উখিয়ায় বালুখালি ক্যাম্প পরিদর্শন করে সেখানে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের বলেছেন, নিরাপত্তা নিশ্চিত করেই তাদের মিয়ানমারে ফেরার ব্যবস্থা করা হবে। গতকাল (২৬ নভেম্বর রোববার) রাষ্ট্রপতি বালুখালি ক্যাম্পের পরিস্থিতি দেখেন এবং রোহিঙ্গাদের মধ্যে ত্রাণ বিতরণ করেন। আবার মিয়ানমারে ফিরে গেলে পরিবারের মৃত বা আহত সদস্যদের মতো নির্যাতনের মুখোমুখি হওয়ার আশঙ্কার কথা রাষ্ট্রপতির কাছে তুলে ধরেন রোহিঙ্গারা। রাষ্ট্রপতি তাদের বলেন, 'কেবল বাংলাদেশ না, সমগ্র বিশ্ব রোহিঙ্গাদের পাশে আছে। আপনারা যাতে সম্মানের সঙ্গে ফেরত যেতে পারেন এবং নিরাপত্তার সঙ্গে নিজ দেশে বসবাস করতে পারেন, তা নিশ্চিত করে আপনাদের ফেরত পাঠানো হবে।' সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**২।	রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের অর্জন শ্রেষ্ঠ কূটনৈতিক সাফল্য : দূত সম্মেলনে প্রধানমন্ত্রী**

রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের ভূমিকা, অবস্থান ও অর্জনকে এ যাবৎকালের শ্রেষ্ঠ কূটনৈতিক সাফল্য বলে উল্লেখ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, রোহিঙ্গা প্রত্যাবাসন ইস্যুতে মিয়ানমার সরকারের সঙ্গে সমঝোতা আমাদের সফল হয়েছে। গতকাল (২৬ নভেম্বর রোববার) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে প্রথমবারের মতো আয়োজিত দূত সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এ সম্মেলনে বিশ্বের ৫৮টি দেশে নিয়োজিত বাংলাদেশ মিশনপ্রধানরা অংশগ্রহণ করে। মিয়ানমারের রাখাইন রাজ্য থেকে বলপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের মাতৃভূমিতে ফেরত পাঠাতে বিশ্বের বিভিন্ন দেশে কর্মরত কূটনীতিকদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশের কূটনীতিকদের নিজ কাজে সক্রিয় থাকাসহ আন্তর্জাতিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলা এবং প্রতিবেশী দেশের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে বিশেষ গুরুত্ব দিতে হবে। তিনি বাংলাদেশের স্বার্থ সুরক্ষা, দেশে আরো বিনিয়োগ আনা, নতুন রপ্তানি বাজার সৃষ্টি, জনশক্তি রপ্তানি বৃদ্ধি, প্রবাসী বাংলাদেশিদের সমস্যা সমাধানে উদ্যোগী হতে রাষ্ট্রদূত ও হাইকমিশনারদের নির্দেশ দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ভোরের কাগজ, জনকণ্ঠ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউ এজ, অবজারভার, নিউজ টুডে, বাংলাদেশ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩।	রোহিঙ্গা ফেরাতে মিয়ানমারের ওপর চাপ অব্যাহত রাখবে যুক্তরাজ্য**
**প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্তরাজ্যের মন্ত্রীর সাক্ষাৎ**

রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে অন্যান্য দেশের সঙ্গে যুক্তরাজ্যও মিয়ানমারের ওপর চাপ প্রয়োগ অব্যাহত রাখবে বলে দেশটির এক মন্ত্রী জানিয়েছেন। সফররত যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়নবিষয়ক মন্ত্রী পেনি মরডান্ট গতকাল (২৬ নভেম্বর রোববার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতে একথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, মানবিক কারণে পালিয়ে আসা রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে বাংলাদেশ। তবে তাদের দীর্ঘ সময়ের জন্য আশ্রয় দেওয়া বাংলাদেশের পক্ষে সম্ভব নয়। বাংলাদেশ থেকে রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে মিয়ানমার সম্মত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন প্রধানমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**৪।	কর ও ভ্যাটে বড় ধরনের ছাড় দিয়ে প্রণীত হচ্ছে নতুন বাজেট**
**মন্ত্রণালয়ে সংশ্লিষ্টদের নিয়ে অর্থমন্ত্রীর বৈঠক**

দারিদ্র্যবিমোচন ও কর্মসংস্থানকে সর্বোচ্চ প্রাধান্য দিয়ে আগামী ২০১৮-১৯ অর্থবছরের জন্য বাজেট প্রণয়নের কাজ শুরু করা হয়েছে। জনগণের ওপর করের বোঝা না চাপিয়ে বড় এ বাজেট দেওয়ার কৌশল নির্ধারণ করছে সরকার। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে গতকাল (২৬ নভেম্বর রোববার) সচিবালয়ে 'বাজেট মনিটরিং ও সম্পদ কমিটি'র প্রথম সভা হয়। এ সময় আগামী অর্থবছরের প্রস্তাবিত বাজেটের সম্ভাব্য আকার, রাজস্ব

সংগ্রহ, রাজস্ব ব্যয়, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও বাজেট ঘাটতি নির্ধারণ বিষয়ে আলোচনা করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।



**৫। প্রধানমন্ত্রী বিচক্ষণ সিদ্ধান্তে পরিস্থিতি সামলান : বিডিআর বিদ্রোহ বিষয়ে হাইকোর্টের পর্যবেক্ষণ**

আট বছর আগে ২০০৯ সালে পিলখানায় বিডিআর বিদ্রোহের কারণ হিসেবে ষড়যন্ত্রের বিষয়টি উঠে এসেছে উচ্চ আদালতের পর্যবেক্ষণে। হাইকোর্টের রায়ে বলা হয়, বাইরের দেশে বাংলাদেশের ভাবমূর্তি নষ্ট করতে এ বিদ্রোহ ঘটানো হয়। নানা ঘটনা পর্যালোচনা করে আদালত বলেন, একসঙ্গে ৫৭ জন সেনা কর্মকর্তাকে হত্যার নজির ইতিহাসে নেই। বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা দৃঢ় মনোবল নিয়ে পরিস্থিতি মোকাবিলায় যৌক্তিক পদক্ষেপ নিয়েছেন। নৃশংস হত্যাকাণ্ডের পর বিডিআর নাম পরিবর্তন করে বিজিবি নাম ধারণ থেকে শুরু করে সীমান্তরক্ষায় নিয়োজিত এ বাহিনীর পুনর্গঠনের ইতিহাসও উঠে আসে আদালতের পর্যবেক্ষণে। গতকাল (২৬ নভেম্বর রোববার) এ মামলার রায় ঘোষণাকালে বিচারপতি মো. শওকত হোসেনসহ তিন সদস্যের বৃহত্তর হাইকোর্ট বেঞ্চ এ মন্তব্য করেন। তবে আদেশের অংশসহ মূল রায় আজ ২৭ নভেম্বর সোমবার ঘোষণা করা হবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৬। নবম ওয়েজবোর্ড ঘোষণা শীঘ্রই : 'ডিআরইউ বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড' প্রদান অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, সাংবাদিকদের জন্য নবম ওয়েজবোর্ড ঘোষণা এখন সময়ের ব্যাপার মাত্র। প্রধানমন্ত্রীসহ আমরা কখনো চাইনি এ ওয়েজবোর্ড একতরফা ঘোষণা হোক। কেউ যদি অংশগ্রহণ না করে, তবে তা বাস্তবায়ন করা কঠিন হয়ে পড়ে। এখন মালিকপক্ষ ইতিবাচক। খুব শীঘ্রই নবম ওয়েজবোর্ড ঘোষণা করা হবে। গতকাল (২৬ নভেম্বর রোববার) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে 'ডিআরইউ বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড-২০১৭' প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। এবার ২৭টি ক্যাটাগরিতে ২৯ জনকে বেস্ট রিপোর্টিং অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৭। দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় সবাইকে এগিয়ে আসতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের সহায়তায় সবাইকে এগিয়ে আসতে হবে। তাদের জন্য সুযোগ তৈরি করতে হবে। জাকাতের অর্থ সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান একটি চমৎকার উদ্যোগ উল্লেখ করে তিনি বলেন, এটা ধর্মীয় দায়িত্ব পালনের পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে কাজে লাগবে। তিনি বলেন, মাদ্রাসার অবকাঠামোগত সমস্যা সমাধানে সরকার প্রায় সাড়ে তিন হাজার নতুন ভবন নির্মাণ করেছে। গতকাল (২৬ নভেম্বর রোববার) রাজধানীর বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে সিজেডএম জিনিয়াস স্কলারশিপ অ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। সেন্টার ফর জাকাত ম্যানেজমেন্ট (সিজেডএম) এ অনুষ্ঠানের আয়োজন করে। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

**৮। ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতে চার প্রতিষ্ঠান হবে : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী**

দেশে ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করতে পৃথক ডিজিটাল নিরাপত্তা এজেন্সিসহ চারটি প্রতিষ্ঠান গঠন করা হবে। প্রতিষ্ঠানগুলো দেশের সাইবার নিরাপত্তা রক্ষা ও সাইবার অপরাধ দমনে সমন্বিতভাবে কাজ করবে। আর প্রস্তাবিত ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়ায় এ বিষয়গুলোই আছে বলে জানিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গতকাল (২৬ নভেম্বর রোববার) টেলিকম রিপোর্টার্স নেটওয়ার্ক, টিআরএনবির সদস্যদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রতিমন্ত্রী আরও বলেন, আগামী বুধবার ২৯ নভেম্বর আন্তঃমন্ত্রণালয় সভায় এ ডিজিটাল নিরাপত্তা আইনের খসড়া চূড়ান্ত করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**৯। সরকারি কলেজে শিক্ষক ধর্মঘটে স্থবির শিক্ষা কার্যক্রম**

বিসিএস শিক্ষা সমিতির কর্মবিরতির আন্দোলনে অচল হয়ে পড়েছে দেশের সব সরকারি কলেজ। স্থবির হয়ে পড়েছে সব শিক্ষাবোর্ড, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার কার্যক্রম। এ কর্মসূচির কারণে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতোমধ্যে তাদের দু'দিনের সব পরীক্ষা স্থগিত ঘোষণা করেছে। জাতীয়করণ করা কলেজের শিক্ষকদের ক্যাডারভুক্ত না করা এবং জাতীয়করণ শিক্ষকদের নতুন নিয়োগ বিধিমালা তৈরি ও প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের দাবিতে দু'দিনের টানা কর্মবিরতি পালন করছেন সরকারি কলেজের শিক্ষকরা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **সংবাদ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।



**১০। সামাজিক বনায়নের ৭৫ একর জমির চারাগাছ কেটেছে রোহিঙ্গারা**

রোহিঙ্গারা এক রাতেই ৭৫ একর সৃজিত সামাজিক বনায়নের চারাগাছ কর্তন করে ন্যাড়া করেছে সবুজ পাহাড়। এতে হতদরিদ্র উপকারভোগীদের লাখ লাখ টাকার ক্ষতি সাধনের পাশাপাশি পরিবেশ মারাত্মক হুমকির মুখে পড়েছে। ক্ষতির সম্মুখীন উপকারভোগীরা বারবার বাধা দিলেও রোহিঙ্গারা তোয়াক্কাই করছে না তাদের। কতিপয় এনজিও সংস্থা ও পুরনো রোহিঙ্গাদের যোগসাজশে সৃজিত সামাজিক বাগান অবৈধভাবে জবরদখল করে বসতি স্থাপনের জন্য ইন্ধন দিয়ে যাচ্ছে বলে অভিযোগ উঠেছে। এদিকে গতকাল (২৬ নভেম্বর রোববার) উপকারভোগী ও বন বিভাগের সদস্যরা সৃজিত বাগান থেকে রোহিঙ্গাদের সরিয়ে দেওয়ার চেষ্টা চালায়। রাতারাতি বিভিন্ন এনজিও সংস্থা সেখানে টয়লেট, অফিসঘর ও শেল্টার নির্মাণের তোড়জোড় শুরু করলে তা বন্ধ করে দিয়েছে বন কর্তৃপক্ষ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২)।

**১১। শান্তিরক্ষী মিশনে প্রথমবার যাচ্ছেন দুই নারী পাইলট**

জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে কঙ্গোতে প্রথমবারের মতো বিমানবাহিনীর মহিলা পাইলট যুক্ত হচ্ছে। ২ জন মহিলা পাইলটসহ শান্তিরক্ষী মিশনে এবার ৩৫৮ জন কর্মকর্তা ও সদস্য প্রতিস্থাপন হচ্ছে। আগামী ২৯ নভেম্বর ১১৫ সদস্যের প্রথম দল কঙ্গোর উদ্দেশে ঢাকা ত্যাগ করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.৮)।

**১২। শহিদ ডা. মিলন দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ শহিদ ডা. মিলন দিবস। ১৯৯০ সালের এ দিনে তৎকালীন স্বৈরাচারবিরোধী আন্দোলনের উত্তাল সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় স্বৈরশাসকের লেলিয়ে দেওয়া বাহিনীর হাতে নির্মমভাবে নিহত হন বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের তৎকালীন যুগ্ম মহাসচিব ও ঢাকা মেডিকেল কলেজের শিক্ষক ডা. শামসুল আলম খান মিলন। দিবসটি উপলক্ষে দেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার আন্দোলনে আত্মোৎসর্গকারী ডা. শামসুল আলম খান মিলনকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** ( পৃ.২,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক, যুগান্তর :** গাজীপুরের কালিয়াকৈর উপজেলার বক্তারপুরে একটি যাত্রীবাহী ট্রেনের সঙ্গে অরক্ষিত রেলক্রসিংয়ে বিকল হয়ে পড়া একটি ট্রাকের ভয়াবহ সংঘর্ষে একজন নিহত ও ২৫ জন আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে রেলক্রসিংয়ে এ ধরনের দুর্ঘটনা এড়াতে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**খ.** **সমকাল :** দেশের বিভিন্ন হিমাগারে কমবেশি ১৯ লাখ টন আলু আটকে থাকার কথা উল্লেখ করে এসব উদ্বৃত্ত আলু ব্যবহারের বিকল্প নেই বলে মতপ্রকাশ।

**গ.** **সংবাদ :** রাষ্ট্রায়ত্ত সোনালী ব্যাংকের ভুয়া ওয়েবসাইট তৈরি করে চাকরি প্রার্থীদের সঙ্গে দীর্ঘদিন ধরে প্রতারণা করে আসছে একটি চক্র উল্লেখ করে এ জালিয়াতির সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঘ. **ইনকিলাব :** দেশের চাহিদার ৯৮ শতাংশ ওষুধই দেশে তৈরি হয় উল্লেখ করে ওষুধ উৎপাদনের এ বৈপ্লবিক অগ্রগতিকে কাজে লাগিয়ে এ ওষুধ বিদেশে রপ্তানির সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** রাজধানী ও এর আশপাশের এলাকায় ইয়াবা, ফেনসিডিল ও গাজার মত মাদকের ব্যাপক বিস্তারে যুবকদের নিয়ে উদ্বেগ প্রকাশ অবৈধ মাদক ব্যবসায়ীদের জরুরিভিত্তিতে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার আহ্বান।

চ. **নিউ নেশন :** বিগত তিন বছরেও দেশের ব্লু ইকোনমির সম্ভাবনা তেমনভাবে কাজে না লাগানোয় জাতীয় অর্থনীতির প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে এ সম্পদের যথাযথ আহরণ করার প্রত্যাশা।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশের নারীদের প্রজনন ও মাতৃস্বাস্থ্যসেবা মহিলা ও কন্যাশিশুদের ক্ষমতায়নে কানাডার ৩৫ মিলিয়ন ডলার আর্থিক প্রণোদনা দেওয়ার পরিপ্রেক্ষিতে সরকারকে নারীদের প্রজনন স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে ব্যাপক কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **নিউ এজ :** নারীদের প্রতি বিশেষত নারী গৃহকর্মীদের ওপর সব ধরণের নির্যাতনপ্রতিরোধে ব্যাপক গণসচেতনতা গড়ে তুলে গৃহকাজের নিরাপদ পরিবেশ নিশ্চিত করার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধুর ৭ মার্চের অবিস্মরণীয় ভাষণ শুধু বাংলাদেশের মানুষ নয়, পৃথিবীর সব মুক্তিকামী মানুষের স্মরণে রাখার দাবি রাখে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পরিবারই হোক সম্প্রীতির পাঠশালা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পারিবারিক সম্প্রীতি বজায় রাখতে তথা পরিবারগুলোকে টিকিয়ে রাখতে পরিবারের প্রতিটি সদস্যের তাদের নিজ নিজ জায়গা থেকে সচেতন হতে হবে।

#

খাদীজা/ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৭